# বাংলাদেশ জেল পোশাক নীতিমালা-২০১৬

কারা অধিশাখা
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
কারা অধিশাখা- ১

স্মারকঃ পত্র সংখ্যা-৪৪.০০.০০০০.০২৩.৫১.০০১.২০১৪-৩১৩ তারিখঃ ০১ কার্তিক ১৪২৩ বঙ্গাব্দ / ১৬ অক্টোবর ২০১৬ খ্রিঃ

## বাংলাদেশ জেল পোশাক নীতিমালা- ২০১৬

১। **প্রবর্তন** ঃ কারা প্রশাসন সৃষ্টির লগ্ন হইতেই পদবিন্যাস অনুসারে কারারক্ষী হইতে জেলার অর্থাৎ কারারক্ষী (পুরুষ ও মহিলা), সহকারী প্রধান কারারক্ষী/সহকারী মেট্রন, প্রধান কারারক্ষী/মেট্রন, সর্বপ্রধান কারারক্ষী/চীফ মেট্রন, সার্জেন্ট ইন্সট্রাক্টর , ডেপুটি জেলার ও জেলারগণ কারা বিভাগীয় পোশাক পরিধান করিয়া থাকেন ; কিন্তু ডেপুটি জেল সুপার হইতে কারা উপ-মহাপরিদর্শক অর্থাৎ ডেপুটি জেল সুপার , জেল সুপার, সহকারী কারা মহাপরিদর্শক, সিনিয়র জেল সুপার ও কারা উপ-মহাপরিদর্শক পদধারী কর্মকর্তাগণের বাংলাদেশ জেলের জন্য নির্ধারিত পোশাক পরিধান করিবার বিধান না থাকিবার কারণে নিত্যকার প্রশাসনিক কর্মকান্ড পরিচালনায় বহুবিধ সমস্যার উদ্ভব হয় যেমন- সিনিয়র জেল সুপার/জেল সুপার পোশাকধারী না হইয়াও ইউনিফর্ম ও অস্ত্রধারী কারা সদস্যদের ইউনিট প্রধান হিসাবে তিনি তাহাদের পরিচালনা করিয়া থাকেন বিধায় পোশাকধারী ব্যক্তিবর্গের মধ্যে সুচারুরূপে শৃঙ্খলা বজায় রাখা, পেশাগত উৎকর্ষতা বৃদ্ধি ও সুষ্ঠু কারা প্রশাসন পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হইতেছে। এই ধরনের জটিলতা হইতে উত্তরণের লক্ষ্যে কারা কর্মকর্তাগণ ও গার্ডিং ফোর্সকে বিভাগীয় পোশাক পরিধানের আওতায় আনিবার জন্য নীতিমালা প্রণয়নের যৌক্তিকতা ও প্রয়োজনীয়তা দেখা দেওয়ায় বাংলাদেশ জেল পোশাক নীতিমালা প্রবর্তন করা হইল ঃ-

২। **শিরোনাম** ঃ এই নীতিমালা 'বাংলাদেশ জেল পোশাক নীতিমালা, ২০১৬' নামে অভিহিত হইবে।

৩। **সংজ্ঞা** ঃ বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই নীতিমালায়-

(ক) **'কারা কর্মকর্তা'** বলিতে দেশের বিভিন্ন কারাগার, কারা বিভাগীয় দপ্তরসমূহ, কারা প্রশিক্ষণ একাডেমি ও কারা অধিদপ্তরে কর্মরত ডেপুটি জেলার, জেলার, ডেপুটি জেল সুপার, জেল সুপার, সহকারী কারা মহাপরিদর্শক, সিনিয়র জেল সুপার, কারা উপ-মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং কারা মহাপরিদর্শককে বুঝাইবে;

(খ) **'গার্ডিং ফোর্স'** বলিতে কারাগারের বিভিন্ন দায়িত্বে কর্মরত কারারক্ষী (পুরুষ ও মহিলা), সহকারী প্রধান কারারক্ষী/সহকারী মেট্রন, প্রধান কারারক্ষী/মেট্রন, সর্ব প্রধান কারারক্ষী/চীফ মেট্রন, সার্জেন্ট ইন্সট্রাক্টর (পুরুষ ও মহিলা) কে বুঝাইবে;

(গ) **' বাংলাদেশ জেল পোশাক '** বলিতে কারারক্ষী (পুরুষ ও মহিলা), সহকারী প্রধান কারারক্ষী/সহকারী মেট্রন, প্রধান কারারক্ষী/মেট্রন, সর্ব প্রধান কারারক্ষী/চীফ মেট্রন, সার্জেন্ট ইন্সট্রাক্টর (পুরুষ ও মহিলা), ডেপুটি জেলার, জেলার, ডেপুটি জেল সুপার, জেল সুপার, সহকারী কারা মহাপরিদর্শক, সিনিয়র জেল সুপার, কারা উপ-মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং কারা মহাপরিদর্শক প্রাধিকার অনুযায়ী কর্তব্যকালীন ও আনুষ্ঠানিক ব্যবহারের জন্য যে ধরনের পোশাক সামগ্রী পরিধান করিবেন উহাকে বুঝাইবে;

(ঘ) **প্রাতিষ্ঠানিক সাইন'** বলিতে কারা অধিদপ্তরের অধীন প্রতিটি প্রশাসনিক বিভাগে কর্মরত কারা কর্মকর্তা ও গার্ডিং ফোর্স কর্তৃক তাহাদের পোশাকে ব্যবহৃত সাইনকে বুঝাইবে যাহা স্ব স্ব বিভাগের জন্য নির্ধারিত ডিভিশনাল পতাকায়ও ব্যবহৃত হইবে;

(ঙ) **'জেল সাইন'** বলিতে কারা কর্মকর্তা ও গার্ডিং ফোর্স কর্তৃক ব্যবহৃত কারা বিভাগীয় পোশাকের শার্টের ডান বাহুতে স্থাপিত নির্ধারিত নমুনা ও মাপের সাইনকে বুঝাইবে;

(চ) **'লোগো'** বলিতে গাঢ় সবুজ জমিনে বৃত্তাকার মনোগ্রামের উভয় পার্শ্বে পাট পাতা (মাঝখানে শিরদাঁড়ার উভয় পার্শ্বে চৌদ্দটি পাতা) বেষ্টিত পানির স্রোতের মধ্যে ভাসিয়া চলা নৌকা (মাঝখানে একটি মাস্তুল সংবলিত পালতোলা ছবিসহ নৌকা) উহার উপরিভাগে প্রস্ফুটিত জাতীয় ফুল শাপলা এবং নীচে 'বি ডি জে' লেখা মনোগ্রামকে বুঝাইবে;

(ছ) **'শোল্ডার লেটার'** বলিতে কারা কর্মকর্তা ও গার্ডিং ফোর্স কর্তৃক ব্যবহৃত বিভাগীয় পোশাকের শার্টের উভয় কাঁধে সোনালী রংয়ের (ধাতব পদার্থ দ্বারা নির্মিত/কাপড়ে এমব্রয়ডারিকৃত) অর্ধ চন্দ্রের আকৃতিতে 'বাংলাদেশ' এবং উহার নিচে 'জেল' শব্দ লিখিত মনোগ্রামকে বুঝাইবে;

(জ) **'ব্যাজেজ অব র‍্যাংক'** বলিতে এই নীতিমালা দ্বারা প্রবর্তিত বাংলাদেশে জেলের বিভিন্ন পদে দায়িত্ব পালনকারী কর্মকর্তা ও গার্ডিং ফোর্সের জন্য নির্ধারিত র‍্যাংক ও ব্যাজকে বুঝাইবে।

৪। **পোশাক পরিধান ঃ** কারা কর্মকর্তা ও গার্ডিং ফোর্সকে কর্তব্যকালীন বাধ্যতামূলকভাবে এই পোশাক পরিধান করিতে হইবে। বাংলাদেশ জেলের জন্য প্রবর্তিত এই পোশাকের অনুরূপ কোন পোশাক কারা কর্মকর্তা ও গার্ডিং ফোর্স ব্যতীত অন্য কেহ পরিধান করিলে উহা দেশে প্রচলিত আইনের আওতায় শাস্তিযোগ্য হইবে।

৫। **পোশাকের বর্ণনা ঃ** (১) সরকার কর্তৃক নির্ধারিত রংয়ের (ডিপ গ্রীন) এবং নিম্নবর্ণিত প্যাটার্নের পোশাক কারা কর্মকর্তা ও গার্ডিং ফোর্স (পুরুষ ও মহিলা) উভয়ই পরিধান করিবেন। তবে কারা কর্মকর্তা ও গার্ডিং ফোর্সে কর্মরত ৪০ বছর বয়সোর্ধ্ব ও অন্তঃসত্ত্বা মহিলাগণ নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে গাঢ় সবুজ (ডিপ গ্রীন) রংয়ের শাড়ির সহিত বরাদ্দকৃত শার্ট পরিধান করিবেন।

**(ক) শার্টের ধরন (পুরুষ)**- গ্রীষ্মকালে পরিধানযোগ্য হাফ স্লিভ শার্ট ও শীতকালে পরিধানযোগ্য ফুল স্লিভ শার্ট টিসি কাপড় দ্বারা তৈয়ারি হইবে। দুই পকেট বিশিষ্ট শার্টের সম্মুখভাগ খোলা ও উহার গলা হইতে নিচ পর্যন্ত সমান দূরত্বে ৬টি করিয়া বোতাম ঘর স্থাপিত থাকিবে। ৬.০ সে.মি. প্রশস্ত ঢাকনাসহ প্রতিটি পকেটের দৈর্ঘ্য ও প্রস্থ হইবে যথাক্রমে ১৪.৫ সে.মি. ও ১৩.৫ সে.মি.। শার্টের উভয় কাঁধে শোল্ডার থাকিবে এবং শোল্ডারের বাহুমূল ৬.৩ সে.মি.এবং অপর প্রান্ত ৩.৮ সে.মি. চওড়া হইবে। তবে হাফ স্লিভ শার্টের বাহুর শেষ প্রান্তে ৩.৮ সে.মি. চওড়া কাপড়ের ভাঁজ থাকিবে। (চিত্র ঃ পরিশিষ্ট-ক)

**(খ) শার্টের ধরন (মহিলা)**- গ্রীষ্মকালে পরিধানযোগ্য হাফ স্লিভ শার্ট ও শীতকালে পরিধানযোগ্য ফুল স্লিভ শার্ট টিসি কাপড় দ্বারা তৈয়ারী হইবে। চার পকেট বিশিষ্ট শার্টের সম্মুখভাগ খোলা ও উহার গলা হইতে নিচ পর্যন্ত সমান দূরত্বে ৬টি করিয়া বোতাম ঘর স্থাপিত থাকিবে। শার্টের উপরের অংশের পকেট দুইটির ঢাকনা ৬.০ সে.মি. প্রশস্ত হইবে এবং প্রতিটি পকেটের দৈর্ঘ্য ও প্রস্থ হইবে যথাক্রমে ১৫ সে.মি .ও ১৩ সে.মি.। পাশাপাশি শার্টের নিচের অংশের পকেট দুইটির ঢাকনা ৭.০ সে.মি. প্রশস্থ হইবে এবং প্রতিটি পকেটের দৈর্ঘ্য ও প্রস্থ হইবে যথাক্রমে ১৮ সে.মি. ও ১৫.৫ সে.মি। শার্টের উভয় কাঁধে শোল্ডার থাকিবে এবং শোল্ডারের বাহুমূল ৬.৩ সে.মি এবং অপর প্রান্ত ৩.৮ সে.মি. চওড়া হইবে। তবে হাফ স্লিভ শার্টের বাহুর শেষ প্রান্তে ৩.৮ সে.মি. চওড়া কাপড়ের ভাঁজ থাকিবে এবং শার্টের মাঝামাঝি জায়গায় পিছন দিকে ৩টি বোতাম স্থাপিত হইবে যাহা কাপড়ের তৈয়ারি বেল্ট দ্বারা যুক্ত হইবে। (চিত্রঃ পরিশিষ্ট-খ)

(গ) **ফুল প্যান্টের ধরন (পুরুষ ও মহিলা)ঃ**

i. প্যান্টের কোমরবন্ধনী ৪.৫ সে.মি চওড়া, সেলাই ব্যতীত ভাঁজ, প্রত্যেক সম্মুখভাবে ভাঁজের স্থানে বহিঃমুখী থাকিবে এবং বোতামের সঙ্গে বাঁধা দৃশ্যমান তিনটি লুপসহ বেল্ট থাকিবে। ১৬.৫ সে.মি. ব্যাসের সোজাসুজি দুইটি পার্শ্ব পকেট থাকিবে এবং পিছনে ডান পার্শ্বে ১৩ সে.মি. এবং ১৫. সে.মি. গভীরতায় বোতাম ঢুকিতে পারে এমন একটি কাটা হিপ পকেট থাকিবে। প্যান্টের নিম্নাংশে ৪ সে.মি. হাতের সেলাই করা পাড় থাকিবে এবং নিচের শেষ প্রান্ত ৪৩ সে.মি হইতে ৪৮ সে.মি. গোলাকার প্রশস্ত হইবে যাহা ডিএমএস বুটের সহিত পরিধেয় হইবে। (চিত্র ঃ পরিশিষ্ট-গ)

ii. প্যান্টের কোমরবন্ধনী ৩.৫ সে.মি. চওড়া, সেলাই ব্যতীত ভাঁজ, প্রত্যেক সম্মুখভাবে ভাঁজের স্থানে বহিঃমুখী থাকিবে এবং প্যান্টে আটটি লুপসহ বেল্ট থাকিবে। ১৬.৫ সে.মি. ব্যাসের সোজাসুজি দুইটি পার্শ্ব পকেট থাকিবে এবং পিছনে ডান পার্শ্বে ১৩ সে.মি. এবং ১৫ সে.মি. গভীরতায় বোতাম ঢুকিতে পারে এমন একটি কাটা হিপ পকেট থাকিবে। প্যান্টের নিম্নাংশে ৩ সে.মি. হাতের সেলাই করা পাড় থাকিবে এবং নিচের শেষ প্রান্ত ৩৬ সে.মি. হইতে ৪০ সে.মি. গোলাকার প্রশস্ত হইবে যাহা অক্সফোর্ড স্যু এর সহিত পরিধেয় হইবে। (চিত্রঃ পরিশিষ্ট-ঘ)

(ঘ) শাড়ি- অনুমতি প্রাপ্ত হইলে ০১ সেট পোশাকের (শার্ট ও প্যান্ট) পরিবর্তে ০১ খানা শাড়ি ও ০১টি শার্ট প্রাপ্য হইবেন।

(২) **শির- পরিচ্ছদ ঃ** শির-পরিচ্ছদ দুই ধরনের হইবে যাহা নিম্নরূপ-

(ক) পিক ক্যাপ (**Peak cap**) ঃ পিক ক্যাপের রং হইবে ডিপগ্রীন এবং উহার বেজ ১১.৪৩ সে.মি. গভীরতা বিশিষ্ট তিনটি কাপড়ের ফালিযুক্ত হইবে। ৫৫.২৫ সে.মি.বৃত্তাকার বিশিষ্ট ক্যাপের উপরিভাগের ব্যাস হইবে ২৬.৪২ সে.মি.। পিক ক্যাপের সামনের বর্ধিত অংশ বাঁকানো থাকিবে যাহার মাঝামাঝি স্থান সর্বোচ্চ ৪.৪৫ সে.মি চওড়া হইবে। উহার বর্ধিত অংশের দুই টুকরা কাপড়ের সংযোগস্থল দুইদিকে বিস্তৃত থাকিবে এবং সংযোগস্থলে

১.৯০ সে.মি চওড়া বিশিষ্ট শক্ত চামড়ার একটি ব্যান্ড থাকিবে। বর্ধিত অংশের উপরে উত্তলাকারে সোনালী রেশমী কাপড়ের একটি ব্যান্ড থাকিবে। উক্ত ব্যান্ড ক্যাপের বর্ধিত অংশ হইতে দুই দিকে ১.২৭ সে.মি. করিয়া বর্ধিত থাকিবে এবং বর্ধিত অংশের প্রান্ত বরাবর কারা বিভাগের লোগো খচিত বোতাম লাগানো থাকিবে। বোতাম সোনালী রংয়ের ১ সে.মি ব্যাসের হইবে (চিত্র ঃ পরিশিষ্ট-ঙ) এবং কর্মকর্তাভেদে পিক ক্যাপের শীর্ষভাগ হইবে নিম্নরূপ ঃ

(i) **কারা মহাপরিদর্শক এবং অতিরিক্ত কারা মহাপরিদর্শকের জন্য ঃ** ক্যাপ হুডে কালো শক্ত চামড়ার উপরে দুই স্তরের সোনালী রংয়ের ওক পাতা খচিত ডেকোরেশন থাকিবে। মাঝখানে ৫.০৮ সে.মি. গভীর হইবে এবং ৪৫$^{\circ}$ ডিগ্রী কোণাকুণি করা হইবে। ক্যাপ ব্যাজ কালো কাপড়ের উপর সোনালী সুতা দ্বারা এমব্রয়ডারিকৃত গমের ছড়ার ডেকোরেশন বেষ্টিত চাবি ও ব্যাটন আড়াআড়িভাবে স্থাপিত থাকিবে এবং আড়াআড়িভাবে স্থাপিত চাবি ও ব্যাটনের কেন্দ্র হইতে সর্ব উপরে একটি প্রস্ফুটিত শাপলা থাকিবে। (চিত্র ঃ পরিশিষ্ট-চ, এঃ/১)

(ii) **কারা উপ-মহাপরিদর্শকের জন্য ঃ** ক্যাপ হুডে কালো শক্ত চামড়ার উপরে এক স্তরের সোনালী রংয়ের ওক পাতা খচিত ডেকোরেশন থাকিবে। মাঝখানে ৫.০৮ সে.মি. গভীর হইবে এবং ৪৫$^{\circ}$ ডিগ্রী কোণাকুণি করা হইবে। ক্যাপ ব্যাজ কালো কাপড়ের উপর সোনালী সুতা দ্বারা এমব্রয়ডারিকৃত গমের ছড়ার ডেকোরেশন বেষ্টিত দুইটি চাবি আড়াআড়িভাবে স্থাপিত থাকিবে এবং আড়াআড়িভাবে স্থাপিত চাবির কেন্দ্র হইতে সর্ব উপরে একটি প্রস্ফুটিত শাপলা থাকিবে। (চিত্র ঃ পরিশিষ্ট-ছ, এঃ/২)

(iii) **সিনিয়র জেল সুপার হইতে ডেপুটি জেলারের জন্যঃ** ক্যাপ হুডে কালো শক্ত চামড়ার উপরে এক স্তরের সোনালী রংয়ের পাট পাতা খচিত ডেকোরেশন থাকিবে। মাঝখানে ৫.০৮ সে.মি. গভীর হইবে এবং ৪৫$^{\circ}$ ডিগ্রী কোণাকুণি করা হইবে। ক্যাপ ব্যাজ কালো কাপড়ের উপর রূপালী সুতা দ্বারা এমব্রয়ডারিকৃত বাংলাদেশ জেলের লোগো স্থাপিত থাকিবে। (চিত্রঃ পরিশিষ্ট-জ, এঃ/৩)

**(খ) ক্যাপ ব্যারেটঃ** ব্যারেট ক্যাপ হইবে ডার্ক ব্লু রংয়ের ও উলেন। পিক ক্যাপে ব্যবহৃত ক্যাপ ব্যাজ ব্যারেট ক্যাপের বাম অংশে স্থাপিত হইবে যাহা কারা কর্মকর্তাগণ পরিধান করিবেন এবং ব্যারেট ক্যাপের বাম অংশে ধাতব পদার্থ দ্বারা নির্মিত সোনালী রংয়ের বাংলাদেশ জেলের লোগো খচিত ক্যাপ ব্যাজ গার্ডিং ফোর্স পরিধান করিবেন। (চিত্র ঃ পরিশিষ্ট-ঝ)

**(৩) জর্জেট প্যাচ (Gorget patch) ঃ** ৫ সে.মি.x২.৫ সে.মি. মাপের পাঁচ কোনা বিশিষ্ট লাল রংয়ের কাপড়ের উপর সোনালী জরি দ্বারা এমব্রয়ডারিকৃত তিন, দুই এবং একটি ওক পাতার সম্মুখভাগে আড়াআড়িভাবে চাবি খচিত সোনালী রংয়ের বোতাম সংবলিত জর্জেট প্যাচ তৈয়ারি হইবে। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং কারা উপ-মহাপরিদর্শকগণ যথাক্রমে তিন, দুই ও একটি ওক পাতার ডেকোরেশন সংবলিত জর্জেট প্যাচ শার্টের উভয় কলারে স্থাপন করিয়া পরিধান করিবেন। (চিত্র ঃ পরিশিষ্ট -ট)

**(৪) বেল্ট ঃ**

**(ক) ওয়েব বেল্টঃ কারা কর্মকর্তাগণের জন্য-**

i. **নাইলন** - কারা কর্মকর্তাগণ বাক্‌লস এ বাংলাদেশ জেলের লোগো খচিত ৩.৫০ সে.মি. চওড়া কালো রংয়ের নাইলনের তৈয়ারি ওয়েব বেল্ট পরিধান করিবেন।

ii. **চামড়া**- কারা কর্মকর্তাগণ বাক্‌লস এ বাংলাদেশ জেলের লোগো খচিত ৫.০ সে.মি. চওড়া কালো রংয়ের চামড়ার তৈয়ারি ওয়েব বেল্ট পরিধান করিবেন।

**(খ) ওয়েব বেল্ট ঃ গার্ডিং ফোর্সের জন্য-**

গার্ডিং ফোর্স আইলেট বিহীন নাইলনের তৈয়ারি ভেলকো পদ্ধতির কালো রংয়ের ৫.৫০ সে.মি. চওড়া ওয়েব বেল্ট পরিধান করিবেন।

**(গ) সামব্রাউন বেল্টঃ** সার্জেন্ট ইন্সট্রাক্টর এবং সর্ব প্রধান কারারক্ষী/চীফ মেট্রন নিয়মিত পোশাকের সহিত সামব্রাউন বেল্ট পরিধান করিবেন।

(৫) বুট ও জুতাঃ

(ক) বুট ঃ ০৯ (নয়) জোড়া আইলেট/ছিদ্র বিশিষ্ট নরম চামড়া দ্বারা কালো রংয়ের ডিএমএস বুট তৈয়ারি হইবে। গার্ডিং ফোর্স ইউনিফর্মের সহিত বুট পরিধান করিবেন। বুট পরিধানের সময় প্যান্টের নিম্নাংশ বুট সংলগ্ন ভেতরে ভাঁজ করিয়া রাখিবেন। কারা কর্মকর্তাদের মধ্যে ডেপুটি জেলার হইতে সিনিয়র জেল সুপার পর্যন্ত ড্রিল অনুশীলন, ফায়ারিং অনুশীলনকালে কিংবা দাপ্তরিক বিশেষ আদেশে বুট পরিধান করিবেন। (চিত্র ঃ পরিশিষ্ট- ঠ)

(খ) জুতাঃ ০৫ (পাঁচ) জোড়া আইলেট/ছিদ্র বিশিষ্ট নরম চামড়া দ্বারা প্রস্তুতকৃত কালো রংয়ের অক্সফোর্ড স্যু কারা কর্মকর্তাগণ ইউনিফর্মের সহিত বাধ্যতামূলক পরিধান করিবেন।(চিত্রঃ পরিশিষ্ট-ড)

(গ) লেডিস স্যু ঃ মহিলা অফিসার ও গার্ডিং ফোর্সের মহিলা সদস্যগণ নিয়মিত পোশাকের বাহিরে শাড়ীর সহিত লেডিস স্যু ব্যবহার করিবেন। (চিত্র ঃ পরিশিষ্ট-ঢ)

(৬) লেনইয়ার্ড ও বাঁশি ঃ খাকী রংয়ের লেনইয়ার্ড এবং সিলভার রংয়ের বাঁশি ডেপুটি জেলার হইতে সিনিয়র জেল সুপার পদধারী কারা কর্মকর্তাগণ (কারাগারে দায়িত্ব পালনকালে) ও গার্ডিং ফোর্স পরিধান করিবেন। লেনইয়ার্ড সংক্ষিপ্ততম পথে বাম বুক পকেটের সহিত যুক্ত থাকিবে।

(৭) নেইম ট্যাগ/ নেইম প্লেট ঃ

(ক) নেইম ট্যাগ ঃ শার্ট, জার্সি পুলওভার এবং জ্যাকেটের ডান পকেটের ফ্লাপের উপরে নির্ধারিত স্থানে কারা কর্মকর্তাগণ ও গার্ডিং ফোর্স সকলেই নেইম ট্যাগ পরিধান করিবেন। ভেলক্রো টেপ পদ্ধতিতে ডিপ গ্রীন প্লাস্টিকের উপরে বাংলা (SutonnyMJ ফন্ট) এবং ইংরেজী (Times New Roman ফন্ট) উভয় ভাষায় সংক্ষিপ্ত নাম সাদা অক্ষরে লেখা থাকিতে হইবে। দৈর্ঘ্য ৯.৫ সে.মি. এবং প্রস্থ ২.৫ সে.মি. বিশিষ্ট মাপের ডিপ গ্রীন প্লাস্টিক নেইম ট্যাগের চতুর্দিকে একটি সাদা বর্ডার থাকিবে। (চিত্রঃ পরিশিষ্ট-ন)

(খ) নেইম প্লেটঃ আনুষ্ঠানিক পোশাকের সহিত ডিপ গ্রীন রংয়ের প্লাস্টিকের উপরে বাংলা (SutonnyMJ ফন্ট) এবং ইংরেজী (Times New Roman ফন্ট) উভয় ভাষায় সাদা অক্ষরে লেখা সংক্ষিপ্ত নাম সংবলিত নেইম প্লেট পরিধান করিতে হইবে। ইহার দৈর্ঘ্য ৮ সে.মি এবং প্রস্থ ২ সে.মি বিশিষ্ট মাপের ডিপ গ্রীন প্লাস্টিক নেইম প্লেটের চতুর্দিকে একটি সাদা বর্ডার থাকিবে। (চিত্রঃ পরিশিষ্ট-ন)

(৮) আইডি কার্ডঃ কারা কর্মকর্তা ও গার্ডিং ফোর্স ইউনিফর্মের সহিত কারা মহাপরিদর্শক কর্তৃক নির্ধারিত নমুনা ও মাপের কার্ডে স্ব স্ব ব্যক্তির ছবি সংবলিত এবং পৃথক নম্বর যুক্ত আইডি কার্ড পরিধান করিবেন।

(৯) নম্বর প্লেটঃ কারা মহাপরিদর্শক কর্তৃক অনুমোদিত নমুনা অনুযায়ী প্রস্তুতকৃত নম্বর প্লেট গার্ডিং ফোর্সের প্রতিটি সদস্য নিজ নিজ শার্ট এবং জার্সি পুলওভারের ডান পকেটে পরিধান করিবেন।

(১০) ব্যাটন / স্টিক ঃ কারা মহাপরিদর্শক হইতে জেলার পদধারী কর্মকর্তাগণ নিম্নবর্ণিত পরিমাপের ব্যাটন/ স্টিক ব্যবহার করিবেন-

(ক) কারা মহাপরিদর্শক ও অতিরিক্ত কারা মহাপরিদর্শকঃ ৬ সে.মি পরিধির ৬০ সে.মি লম্বা, উপরের দিকে গোলাকার এবং ক্রমান্বয়ে নিচের দিকে ১.৫ সে.মি পরিমাপের বেত বা কাঠের তৈয়ারি পলিশ করা খয়েরী রংয়ের স্টিক হইবে। উপরের প্রশস্ত প্রান্তে স্বর্ণ ধাতব ব্যান্ডের সম্মুখভাগে 'বাংলাদেশ জেল লোগো' খচিত থাকিবে এবং নীচ অংশেও স্বর্ণ ধাতবের ব্যান্ড থাকিবে। (চিত্র ঃ পরিশিষ্ট-প/১)

(খ) কারা উপ মহাপরিদর্শকঃ ৬ সে.মি পরিধির ৬০ সে.মি লম্বা, উপরের দিকে গোলাকার এবং ক্রমান্বয়ে নিচের দিকে ১.৫ সে.মি পরিমাপের বেত বা কাঠের তৈয়ারি পলিশ করা খয়েরী রংয়ের স্টিক হইবে। উপরের প্রশস্ত প্রান্তে রৌপ্য ধাতব ব্যান্ডের সম্মুখভাগে 'বাংলাদেশ জেল লোগো' খচিত থাকিবে এবং নীচ অংশেও রৌপ্য ধাতবের ব্যান্ড থাকিবে। (চিত্র ঃ পরিশিষ্ট-প/২)

(গ) সিনিয়র জেল সুপার, জেল সুপার, ডেপুটি জেল সুপার ও জেলার ঃ ৬০ সে.মি. লম্বা ও ৬ সে.মি. পরিধির বেতের তৈয়ারি গোলাকার খয়েরী রংয়ের স্টিক ব্যবহার করিবেন যাহার উপরিঅংশে ৩.৫ সে.মি পরিমাণ পিতল দ্বারা মোড়ানো পিন্ড সংবলিত 'বাংলাদেশ জেল লোগো' অংকিত থাকিবে এবং নিচের অংশে ৩.৫ সে.মি পরিমাণ পিতলের পাত দ্বারা মোড়ানো থাকিবে। (চিত্র ঃ পরিশিষ্ট- প/৩)

(১১) ব্যাটন উইথ হোল্ডারঃ সর্বপ্রধান কারারক্ষী ও তাহার অধঃস্তন প্রত্যেক পদবীর গার্ডিং ফোর্স কর্তব্য পালনকালে কোমরে বেল্টের সহিত বাম পার্শ্বের লুপের উভয় দিকে কালো রংয়ের একটি ব্যাটন হোল্ডার ঝুলাইয়া রাখিবেন যাহার মধ্যে কারা মহাপরিদর্শক কর্তৃক অনুমোদিত ও নির্ধারিত নমুনার ৭৫ সে.মি. লম্বা এবং ৯.৫ সে.মি. পরিধির একটি ব্যাটন ঢুকানো থাকিবে।

(১২) সাস (লাল পাড়ের) ঃ রিজার্ভ প্রধান কারারক্ষী ডান কাঁধের উপরে সাস পরিধান করিবেন এবং সাসের বাহিরে ব্যাটনের হোল্ডার কোমরের বেল্টের সহিত পরিধান করিতে হইবে।

(১৩) শীতকালীন পোশাকঃ শীতকালে ইউনিফর্মের সহিত নিম্নবর্ণিত জার্সি পুলওভার ও জ্যাকেট পরিধান করিতে হইবে। যথাঃ-

(ক) জার্সি পুলওভার ঃ কারা কর্মকর্তা ও গার্ডিং ফোর্স সকলে শীতকালে জার্সির সম্মুখভাগে বোতামযুক্ত ঢাকনাসহ দুইটি বুক পকেট বিশিষ্ট ডিপ গ্রীন রংয়ের ফুল স্লিভ জার্সি পুলওভার পরিধান করিবেন। জার্সির দুই হাতে (কনুই বরাবর) ১৭.৫ সে.মি. লম্বা ও ৭.৫ সে.মি. চওড়া এবং কাঁধের উপরে আনুপাতিক হারে ডিপ গ্রীন রংয়ের গ্যাবার্ডিন কাপড় সেলাই করা থাকিবে। জার্সি পুলওভার পরিধানের সময়কালে সংক্রান্ত নির্দেশনা কারা মহাপরিদর্শক কর্তৃক সময়ে সময়ে জারি করা হইবে। (চিত্রঃ পরিশিষ্ট-ফ)

(খ) জ্যাকেট ঃ

(i) শর্ট জ্যাকেট - কারা কর্মকর্তাগণ তীব্র শীতে বিচ্ছিন্নযোগ্য শিরবেষ্টনসহ ডিপ গ্রীন রংয়ের শর্ট জ্যাকেট পরিধান করিবেন। (চিত্র ঃ পরিশিষ্ট-ব)

(ii) লং জ্যাকেটঃ গার্ডিং ফোর্সের সকল সদস্য শীতের তীব্রতার ভিত্তিতে বিচ্ছিন্নযোগ্য শিরবেষ্টনসহ ডিপ গ্রীন রংয়ের চার পকেট বিশিষ্ট লং জ্যাকেট পরিধান করিবেন। চার পকেট বিশিষ্ট লং জ্যাকেট পরিধানের সময়কাল সংক্রান্ত নির্দেশনা কারা মহাপরিদর্শক কর্তৃক সময়ে সময়ে জারি করা হইবে। (চিত্রঃ পরিশিষ্ট-ভ)

(১৪) আনুষ্ঠানিক পোশাকঃ

(ক) শির-পরিচ্ছদঃ নীতিমালার ক্রমিক নম্বর- ৫(২) (ক) এর বর্ণনার অনুরূপ হইবে।

(খ) টিউনিক ঃ কারা কর্মকর্তাগণ বিশেষ বিশেষ দিবসে সিনথেটিক ডিপ গ্রীন কাপড়ের তৈয়ারি এসডি শার্ট ও একই কাপড়ের তৈয়ারি প্যান্ট (টিউনিক) আনুষ্ঠানিক পোশাক হিসাবে পরিধান করিবেন। শার্টটি সিনথেটিক কাপড়ের সিঙ্গেল ব্রেস্টেড, বুশ শার্টের মত কাটা, কাঁধ ও বুকের দিক ঢিলে ঢালা, কোমরের দিকে মাপ মত এবং শেষের দিকে পাড়যুক্ত হইবে। ৬.৫ সে.মি. চওড়া ঢাকনাযুক্ত বুক পকেট দুইটি ১৩.০ সে.মি. চওড়া এবং ১৫ সে.মি. লম্বা হইবে। সম্মুখে কোমরের নিচে বাড়ানো যায় এমন দুইটি পকেট (পাশে ভাজকরা কাপড় থাকিবে) থাকিবে যাহা ১৬.৮ সে.মি. চওড়া এবং ১৭.৫ সে.মি. লম্বা হইবে। প্রতিটি পকেট উপরের দিকে লম্বা ফোঁড়ে জোড়া লাগানো থাকিবে। শার্টের উভয় কাঁধে শোল্ডার থাকিবে এবং শোল্ডারের বাহুমূল ৬.৩ সে.মি এবং অপর প্রান্ত ৩.৮ সে.মি চওড়া হইবে। উহার সম্মুখভাগে গলা হইতে নিচ পর্যন্ত বোতাম ঘরসহ আড়াআড়িভাবে চাবি খচিত সোনালী রংয়ের ২.০ সে.মি ব্যাস বিশিষ্ট মোট পাঁচটি ও চারটি পকেটের প্রতিটিতে একটি করিয়া মোট চারটি মাঝারি আকারের বোতাম থাকিবে এবং প্রতিটি শোল্ডারে ও প্রতিটি হাতের কাফে (Cuff) একটি করিয়া ১.৫ সে.মি ব্যাস বিশিষ্ট ছোট্ট আকারের বোতাম থাকিবে। (চিত্রঃ পরিশিষ্ট-ম)

(গ) এ্যাইগিউলিটিস ঃ কারা মহারিদর্শক ও অতিরিক্ত কারা মহাপরিদর্শক, কারা প্রশিক্ষণ একাডেমির কমান্ড্যান্ট, কারা ইনস্টিটিউট এর অধ্যক্ষ এবং কারা উপ-মহাপরিদর্শকগণ আনুষ্ঠানিক পোশাকের সহিত (টিউনিকের সঙ্গে) সোনালী ও সবুজ রংয়ের জরির সুতা দ্বারা তৈয়ারী এ্যাইগিউলিটিস পরিধান করিবেন। (চিত্রঃ পরিশিষ্ট-য)

(১৫) **ব্যাজেজ অব র‍্যাংক ও শোল্ডার লেটার পরিধান** ঃ কারা কর্মকর্তা ও গার্ডিং ফোর্স সোনালী রংয়ের ব্যাজেজ অব র‍্যাংকের সহিত শোল্ডার লেটার পরিধান করিবেন যাহা ধাতব পদার্থ দ্বারা তৈয়ারি এবং কাপড়ের উপরে এমব্রয়ডারিকৃত হইবে ও বিভিন্ন পদবীভেদে ব্যাজেজ অব র‍্যাংক এর ধরন নিম্নরূপ হইবেঃ (চিত্রঃ পরিশিষ্ট-র)

(ক) **কারা মহাপরিদর্শক** ঃ শোল্ডারে দুইটি গমের ছড়ার উপরের অংশে সাতটি পাপড়িযুক্ত প্রস্ফুটিত একটি শাপলা এবং গমের ছড়ার মাঝখানে দুইটি চাবি আড়াআড়িভাবে স্থাপিত একটি ব্যাজ এবং সোর্ড ও ব্যাটন এর একটি ক্রস ব্যাজ থাকিবে যাহার নিচে শোল্ডার লেটার স্থাপিত হইবে।

(খ) **অতিরিক্ত কারা মহাপরিদর্শকঃ** শোল্ডারে দুইটি গমের ছড়ার উপরের অংশে সাতটি পাপড়িযুক্ত প্রস্ফুটিত একটি শাপলা এবং গমের ছড়ার মাঝখানে দুইটি চাবি আড়াআড়িভাবে স্থাপিত একটি ব্যাজ এবং তিনটি পাঁচকোনা বিশিষ্ট তারকা (পিপ্‌স) থাকিবে যাহার নিচে শোল্ডার লেটার স্থাপিত হইবে।

(গ) **কারা উপ মহাপরিদর্শকঃ** শোল্ডারে দুইটি গমের ছড়ার উপরের অংশে সাতটি পাপড়িযুক্ত প্রস্ফুটিত একটি শাপলা এবং গমের ছড়ার মাঝখানে দুইটি চাবি আড়াআড়িভাবে স্থাপিত একটি ব্যাজ এবং দুইটি পাঁচকোনা বিশিষ্ট তারকা (পিপ্‌স) থাকিবে যাহার নিচে শোল্ডার লেটার স্থাপিত হইবে।

(ঘ) **সিনিয়র জেল সুপারঃ** শোল্ডারে দুইটি গমের ছড়ার উপরের অংশে সাতটি পাপড়িযুক্ত প্রস্ফুটিত একটি শাপলা এবং গমের ছড়ার মাঝখানে দুইটি চাবি আড়াআড়িভাবে স্থাপিত একটি ব্যাজ এবং একটি পাঁচকোনা বিশিষ্ট তারকা (পিপ্‌স) থাকিবে যাহার নিচে শোল্ডার লেটার স্থাপিত হইবে।

(ঙ) **জেল সুপার/সহকারী কারা মহাপরিদর্শকঃ** শোল্ডারে দুইটি গমের ছড়ার উপরের অংশে সাতটি পাপড়িযুক্ত প্রস্ফুটিত একটি শাপলা এবং গমের ছড়ার মাঝখানে দুইটি চাবি আড়াআড়িভাবে স্থাপিত একটি ব্যাজ থাকিবে যাহার নিচে শোল্ডার লেটার স্থাপিত হইবে।

(চ) **ডেপুটি জেল সুপার/ জেলার** ঃ শোল্ডারে তিনটি পাঁচকোনা বিশিষ্ট তারকা (পিপ্‌স) থাকিবে যাহার নিচে শোল্ডার লেটার স্থাপিত হইবে।

(ছ) **ডেপুটি জেলার** ঃ শোল্ডারে দুইটি পাঁচকোনা বিশিষ্ট তারকা (পিপ্‌স) থাকিবে যাহার নিচে শোল্ডার লেটার স্থাপিত হইবে।

(জ) **সার্জেন্ট ইন্সট্রাক্টরঃ** শোল্ডারে দুইটি গমের ছড়ার উপরের অংশে সাতটি পাপড়িযুক্ত প্রস্ফুটিত একটি শাপলা এবং গমের ছড়ার মাঝখানে দুইটি চাবি আড়াআড়িভাবে স্থাপিত একটি ব্যাজ এবং ব্যাজের নিচে ০৮ মি.মি. চওড়া লাল, হলুদ ও নীল রংয়ের একটি রিবন যাহার নিচের শোল্ডার লেটার স্থাপিত হইবে।

(ঝ) **সর্বপ্রধান কারারক্ষী/চীফ মেট্রন** ঃ শোল্ডারে দুইটি পাঁচকোনা বিশিষ্ট তারকা (পিপ্‌স) থাকিবে যাহার নিচে ০৮ মি.মি চওড়া লাল, হলুদ ও নীল রংয়ের একটি রিবন ও শোল্ডার লেটার স্থাপিত হইবে।

(ঞ) **প্রধান কারারক্ষী/মেট্রন** ঃ শোল্ডারে একটি পাঁচকোনা বিশিষ্ট তারকা (পিপ্‌স) থাকিবে যাহার নিচে ০৮ মি.মি. চওড়া লাল, হলুদ ও নীল রংয়ের একটি রিবন ও শোল্ডার লেটার স্থাপিত হইবে।

(ট) **সহকারী প্রধান কারারক্ষী/সহকারী মেট্রন** ঃ শোল্ডারে ভি আকৃতির দুইটি শিভরণ ও শিভরণের নিচে শোল্ডার লেটার স্থাপিত হইবে।

(ঠ) **কারারক্ষী/মহিলা কারারক্ষী** ঃ শোল্ডারে বাহুর সংযোগস্থলে শোল্ডার লেটার স্থাপিত হইবে।

(১৬) **সোর্ড উইথ স্কাবার্ড** ঃ সোর্ড হইবে সোজাসুজি পদাতিক ধাঁচের সাদা ধাতবে তৈয়ারি আধা বাঁকা মুষ্ঠি আকারের এবং উহাতে কারা বিভাগের লোগো অংকিত থাকিবে। সোর্ড নটটি কালো চামড়া দ্বারা তৈয়ারি এবং স্ক্যাবার্ড পদাতিক ধাঁচের কালো চামড়ায় মোড়ানো খাপ বিশিষ্ট হইবে। শুধুমাত্র কারা কর্মকর্তাগণ সোর্ড ব্যবহার করিবেন।

(১৭) **পতাকাবাহীদলের পোশাক** ঃ সাদা রেক্সিন এ্যাংকলেটের তৈয়ারি নিকেল রানার ওয়েব বেল্ট, সাদা ক্যানভাস ও সাদা হ্যান্ড গ্লোভস ও ব্যারেট ক্যাপ এবং পতাকা বহনের ব্যবস্থা সংবলিত সাদা রেক্সিন আবৃত ক্রস বেল্ট।

(১৮) **বাদকদলের জন্য পোশাক** ঃ বাদকদলের জন্য কারা মহাপরিদর্শক কর্তৃক অনুমোদিত ঐতিহ্যবাহী পোশাক থাকিবে।

(১৯) স্টিক অর্ডারলি (Orderly) পোশাক ঃ নিকেল রানারসহ ওয়েব বেল্ট এবং সাদা রেক্সিন দ্বারা আবৃত সাদা ক্যানভাস, এ্যাংকলেট ধাতবের চেইনসহ কালো অর্ডারলি স্টিক এবং শাপলা, বাঁশি ও ভোসদানে আবৃত ধাতব ও চেইন, সাদা রংয়ের হাতের গ্লোভস এবং নীল ব্যারেট ক্যাপসহ বাংলাদেশ জেলের লোগো অংকিত বাকল্‌সযুক্ত ক্রস বেল্ট।

(২০) বিশেষ প্যারেড ড্রেস ঃ ইউনিফর্মের সহিত সাদা সুতির হ্যান্ড গ্লোভস, একটি লাল কোমরবন্ধ, সাদা ওয়েববেল্ট, সাদা এ্যাংকলেট, ফ্লুম ও বাংলাদেশ জেলের লোগো অংকিত ডিপ গ্রীন গলা বন্ধনী ব্যবহৃত হইবে।

(২১) বর্ষাকালীন পোশাক ঃ বর্ষাকালে মাঠ পর্যায়ে দায়িত্বপালীনকারী কর্মকর্তা ও গার্ডিং ফোর্স ইউনিফর্মের সহিত অনুমোদিত নমুনার রেইন কোট ও গাম বুট পরিধান করিতে পারিবেন।

(২২) সাদা পাজামা ঃ গার্ডিং ফোর্স ডিউটিরত থাকা ছাড়া সার্বক্ষণিক পরিধানের জন্য সাদা রংয়ের দুই পাশে পকেট ও কোমরে ইলাস্টিক যুক্ত সাধারণ পাজামার সহিত মানানসই শার্ট/টিশার্ট/পাঞ্জাবি পরিধান করিবেন।

(২৩) সিভিল কর্মকর্তা/কর্মচারীদের পোশাক ঃ কারা বিভাগে কর্মরত সিভিল কর্মকর্তা-কর্মচারীগণ মন্ত্রিপরিষদ বিভাগের ১৭ মে ১৯৮২ তারিখের ১৬/১/৮২ বিধি নং সার্কুলারে বর্ণিত আদেশ অনুসারে পোশাক পরিধান করিয়া দাপ্তরিক কার্য সম্পাদন করিবেন।

(২৪) প্রাতিষ্ঠানিক সাইন ঃ কারা কর্মকর্তা ও গার্ডিং ফোর্স ভিন্ন ভিন্ন আকৃতির নানা রংয়ের কাপড়ের উপরে বিভিন্ন রংয়ের সুতা দ্বারা এমব্রয়ডারি করা সাইন ব্যবহার করিবে যাহা শার্টের বাম বাহুতে শোল্ডার ব্যাজ হইতে ৫ সে.মি নীচে পরিধেয় হইবে। (চিত্র ঃ পরিশিষ্ট-ল-১-৯) কারা অধিদপ্তর, সাতটি প্রশাসনিক বিভাগ ও কারা প্রশিক্ষণ একাডেমি, রাজশাহীর সাইন হইবে নিম্নরূপ-

(ক) কারা অধিদপ্তর সাইন ঃ গাঢ় সবুজ জমিনের উপরে দুইটি গমের ছড়া। ছড়ার উপরের অংশে ৭টি পাঁপড়িযুক্ত সোনালী রংয়ের প্রস্ফুটিত শাপলা ফুল। ছড়ার মাঝখানে একটি চাবি ও একটি ব্যাটনের আড়াআড়ি আকৃতি। ছড়ার নীচে কারা সদর দপ্তর লেখা। গমের ছড়ার মাঝখানে ও প্রস্ফুটিত শাপলা ফুলের নিম্নে অংকিত চাবি নিরাপদ আটকের প্রতীক এবং ব্যাটন কঠোর শৃঙ্খলার প্রতীক।
থিম ঃ "রাখিব নিরাপদ, দেখাব আলোর পথ"।
সদর দপ্তর রং ঃ গাঢ় সবুজ।

(খ) ঢাকা বিভাগঃ চতুর্দিকে হলুদ বর্ডার সংবলিত গাঢ় আকাশী জমিনের মাঝখানে গাঢ় নীল রংয়ের একটি বলয়। আকাশী রংয়ের জমিনের উপরের অংশে বাংলাদেশ জেল এবং নীচের অংশে ঢাকা বিভাগ লাল রংয়ে লেখা থাকিবে। দুইটি লেখার মাঝখানে হলুদ রংয়ের দুইটি তারকা চিহ্ন থাকিবে। নীল রংয়ের বলয়ের মাঝখানে সোনালী রংয়ের ২টি পাতার ডেকোরেশন এবং উহার উপরি অংশে ৭টি পাঁপড়িযুক্ত সোনালী রংয়ের প্রস্ফুটিত শাপলা ফুল। বলয়ের ভিতরে সাদা পটভূমিতে কালো ও লাল রংয়ের সমন্বয়ে কারাগারের প্রধান ফটকের আকৃতি এবং ফটকের সামনে উড়ন্ত সাদা পায়রা।
ডিভিশন রং ঃ গাঢ় আকাশী।

(গ) চট্টগ্রাম বিভাগঃ চতুর্দিকে হলুদ বর্ডার সংবলিত গাঢ় লাল জমিনের মাঝখানে সবুজ রংয়ের একটি বলয়। লাল রংয়ের জমিনের উপরের অংশে বাংলাদেশ জেল এবং নীচের অংশে চট্টগ্রাম বিভাগ সাদা রংয়ে লেখা থাকিবে। দুইটি লেখার মাঝখানে হলুদ রংয়ের দুইটি তারকা চিহ্ন থাকিবে। সবুজ রংয়ের বলয়ের মাঝখানে সোনালী রংয়ের ২টি পাতার ডেকোরেশন এবং উহার উপরি অংশে ৭টি পাঁপড়িযুক্ত সোনালী রংয়ের প্রস্ফুটিত শাপলা ফুল। বলয়ের ভিতরের গোল অংশে গাঢ় নীল রংয়ের পটভূমিতে লাল রংয়ের লোহার গরাদ এবং উহার ভিতর পার্শ্বে সাদা পোশাক পরিহিত বন্দী এবং অপর পার্শ্বে হলুদ পোশাক পরিহিত বন্দীর একজন আত্মীয়ের সাক্ষাৎরত অবস্থার প্রতিকৃতি।
ডিভিশন রং ঃ গাঢ় লাল।

(ঘ) রাজশাহী বিভাগঃ চতুর্দিকে হলুদ বর্ডার সংবলিত গাঢ় বেগুনী জমিনের মাঝখানে গাঢ় আকাশী রংয়ের একটি বলয়। বেগুনী রংয়ের জমিনের উপরের অংশে বাংলাদেশ জেল এবং নীচের অংশে রাজশাহী বিভাগ সাদা রংয়ে লেখা থাকিবে। দুইটি লেখার মাঝখানে হলুদ রংয়ের দুইটি তারকা চিহ্ন থাকিবে। আকাশী রংয়ের বলয়ের মাঝখানে সোনালী রংয়ের ২টি পাতার ডেকোরেশন এবং উহার উপরি অংশে ৭টি পাঁপড়িযুক্ত সোনালী রংয়ের প্রস্ফুটিত শাপলা ফুল। বলয়ের ভিতরের গোল অংশে হালকা লাল জমিনের

উপর কালো রং দ্বারা অংকিত কারাগারের লোহার গরাদ এর আকৃতি এবং উহার ভিতর অংশে কয়েদির পোশাক পরা একজন বন্দীর ছবি।
ডিভিশন রং ঃ গাঢ় বেগুনী।

(ঙ) **খুলনা বিভাগঃ** চতুর্দিকে হলুদ বর্ডার সংবলিত গাঢ় নীল রংয়ের জমিনের মাঝখানে মেরুন রংয়ের একটি বলয়। নীল রংয়ের জমিনের উপরের অংশে বাংলাদেশ জেল এবং নীচের অংশে খুলনা বিভাগ সাদা রংয়ে লেখা থাকিবে। দুইটি লেখার মাঝখানে হলুদ রংয়ের দুইটি তারকা চিহ্ন থাকিবে। মেরুন রংয়ের বলয়ের মাঝখানে সোনালী রংয়ের ২টি পাতার ডেকোরেশন এবং উহার উপরি অংশে ৭টি পাঁপড়িযুক্ত সোনালী রংয়ের প্রস্ফুটিত শাপলা ফুল। বলয়ের ভিতরের গোল অংশে সাদা রংয়ের পটভূমিতে কারা ফটকের আকৃতি বিশিষ্ট কালো রংয়ের লোহার গরাদ এবং গরাদের বাহির অংশে একজন কারারক্ষীর সশস্ত্র প্রহরার প্রতিকৃতি।
ডিভিশন রং ঃ গাঢ় নীল।

(চ) **বরিশাল বিভাগঃ** চতুর্দিকে হলুদ বর্ডার সংবলিত সবুজ রংয়ের জমিনের মাঝখানে মেরুন রংয়ের একটি বলয়। সবুজ রংয়ের জমিনের উপরের অংশে বাংলাদেশ জেল এবং নীচের অংশে বরিশাল বিভাগ সাদা রংয়ে লেখা থাকিবে। দুইটি লেখার মাঝখানে হলুদ রংয়ের দুইটি তারকা চিহ্ন থাকিবে। গাঢ় লাল রংয়ের বলয়ের মাঝখানে সোনালী রংয়ের ২টি পাতার ডেকোরেশন এবং উহার উপরি অংশে ৭টি পাঁপড়িযুক্ত সোনালী রংয়ের প্রস্ফুটিত শাপলা ফুল। বলয়ের ভিতরের গোল অংশে সাদা রংয়ের পটভূমিতে ধূসর রংয়ের চার কোনা জমিনের মাঝখানে সাদা রংয়ের বল্লমের ছবি।
ডিভিশন রং ঃ সবুজ।

(ছ) **রংপুর বিভাগঃ** চতুর্দিকে নীল বর্ডার সংবলিত হলুদ রংয়ের জমিনের মাঝখানে গাঢ় নীল রংয়ের একটি বলয়। হলুদ রংয়ের জমিনের উপরের অংশে বাংলাদেশ জেল এবং নীচের অংশে রংপুর বিভাগ কালো রংয়ে লেখা থাকিবে। দুইটি লেখার মাঝখানে সাদা বর্ডার বিশিষ্ট ধূসর রংয়ের দুইটি তারকা চিহ্ন থাকিবে। গাঢ় নীল রংয়ের বলয়ের মাঝখানে সোনালী রংয়ের ২টি পাতার ডেকোরেশন এবং উহার উপরি অংশে ৭টি পাঁপড়িযুক্ত সোনালী রংয়ের প্রস্ফুটিত শাপলা ফুল। বলয়ের ভিতরের গোল অংশে সাদা রংয়ের পটভূমিতে ধূসর রংয়ের তালাবদ্ধ লোহার খাঁচার ভিতরে আকাশী রংয়ের উড়ন্ত পাখির ছানার ছবি।
ডিভিশন রং ঃ হলুদ।

(জ) **সিলেট বিভাগঃ** চতুর্দিকে হলুদ বর্ডার সংবলিত কমলা রংয়ের জমিনের মাঝখানে গাঢ় সবুজ রংয়ের একটি বলয়। কমলা রংয়ের জমিনের উপরের অংশে বাংলাদেশ জেল এবং নীচের অংশে সিলেট বিভাগ নীল রংয়ে লেখা থাকিবে। দুইটি লেখার মাঝখানে সাদা রংয়ের দুইটি তারকা চিহ্ন থাকিবে। গাঢ় সবুজ রংয়ের বলয়ের মাঝখানে সোনালী রংয়ের ২টি পাতার ডেকোরেশন এবং উহার উপরি অংশে ৭টি পাঁপড়িযুক্ত সোনালী রংয়ের প্রস্ফুটিত শাপলা ফুল। বলয়ের ভিতরের গোল অংশে সাদা রংয়ের পটভূমিতে কালো রংয়ের মোটা লোহার গরাদ মুষ্টিবদ্ধভাবে ধরিয়া রাখার ছবি।
ডিভিশন রং ঃ কমলা।

(ঝ) **কারা প্রশিক্ষণ একাডেমী, রাজশাহীঃ** চতুর্দিকে নীল বর্ডার সংবলিত পেস্ট কালারের পটভূমিতে সিলভার রংয়ের শিল্ড আকৃতি, যেখানে হালকা লাল, গাঢ় কমলা, হলুদ ও গাঢ় আকাশী রং দ্বারা চারটি ভাগে বিভক্ত করা থাকিবে। লাল অংশে শিক্ষার প্রতীক বই, কমলা অংশে জ্ঞানের প্রতীক কলম এবং শিক্ষার প্রয়োগকে সাদা আলোক রশ্মি দ্বারা বুঝানো হইবে। হলুদ অংশে কারাগারের পরিচায়ক লোহার গরাদ এবং গাঢ় আকাশী অংশে মুক্ত আকাশে উড়ন্ত সাদা পায়রার প্রতিকৃতি যাহা কারা বিভাগের উদ্দেশ্য নির্দেশক।
থিম ঃ উন্নত প্রশিক্ষণ, দক্ষ জনবল, কার্যকর প্রয়োগ।
প্রশিক্ষণ একাডেমির রং ঃ হালকা নীলাভ সবুজ।

(২৫) জেল সাইনঃ জেল সাইনের আকার, সাইজ, বর্ণনা ইত্যাদি নিম্নরূপ হইবে। যথা-
আকার ঃ শিল্ড আকৃতির এবং হালকা হলুদ কাপড়ের উপরে বিভিন্ন রংয়ের সুতা দ্বারা এমব্রয়ডারিকৃত হইবে।
সাইজ ঃ উর্ধ্বাংশে প্রস্থ ৬ সে.মি, নিম্নে প্রস্থ ৫ সে.মি. এবং উচ্চতা ৭ সে.মি।
বর্ণনা ঃ চতুর্দিকে লাল বর্ডার সংবলিত হালকা হলুদ জমিনের মাঝখানে গোলাকৃতি যাহা গাঢ় লাল, গাঢ় নীল ও গাঢ় আকাশী রং দ্বারা তিনটি ভাগে বিভক্ত করা থাকিবে। হালকা হলুদ জমিনের উপরে এবং গোলাকৃতির বাহিরে তিনটি তারকা চিহ্ন দ্বারা তিনটি অংশে ভাগ করা থাকিবে। প্রথমভাগে 'প্রশিক্ষণ', দ্বিতীয়ভাগে 'মানবতা' এবং

তৃতীয়ভাগে 'শৃঙ্খলা' লেখা থাকিবে। গোলাকৃতির ভিতরে লাল অংশে একটি তালা, নীল অংশে কারা ফটক এবং আকাশী অংশে হ্যান্ডকাফ এর চিত্র থাকিবে।

**পরিধানের স্থান ঃ** শার্টের ডান বাহুতে শোল্ডার ব্যাজ হইতে ৫ সে.মি. নীচে। (চিত্রঃ পরিশিষ্ট-শ)

(২৬) **পোশাক পরিচ্ছদের প্রাপ্যতাঃ** গার্ডিং ফোর্স প্রাধিকার ভিত্তিতে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত সময় পরপর পোশাক-পরিচ্ছদ প্রাপ্য হইবেনঃ 'ছক'

| ক্রমিক নং | পোশাক পরিচ্ছদের নাম | প্রাধিকার | সময়কাল | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | শার্ট | ২টি | ১২ মাস | |
| ২ | ফুল প্যান্ট | ২টি | ১২ মাস | |
| ৩ | ক্যাপ ব্যারেট | ১টি | ১২ মাস | |
| ৪ | ওয়েববেল্ট | ১টি | ১২ মাস | |
| ৫ | সামব্রাউন বেল্ট | ১টি | ১২ মাস | |
| ৬ | বুট (ডিএমএস) | ১ জোড়া | ১২ মাস | |
| ৭ | লেডিস স্যু | ১ জোড়া | ১২ মাস | |
| ৮ | মোজা টার্কিজ | ১ জোড়া | ১২ মাস | |
| ৯ | উলেন মোজা | ১ জোড়া | ১২ মাস | |
| ১০ | জার্সি পুলওভার | ১টি | ২৪ মাস | |
| ১১ | ডিপ গ্রীন জ্যাকেট লং | ১টি | ৩৬ মাস | |
| ১২ | রেইনকোর্ট | ১টি | ৪৮ মাস | |
| ১৩ | গামবুট | ১ জোড়া | ৪৮ মাস | |
| ১৪ | ব্যাটন উইথ হোল্ডার | ১টি | ১২ মাস | |
| ১৫ | লেনিয়ার্ড | ১টি | ১২ মাস | |
| ১৬ | হুইসেল | ১টি | ১২ মাস | |
| ১৭ | ক্যাপ ব্যাজ | ১ জোড়া | ১২ মাস | |
| ১৮ | র‍্যাংক ব্যাজ | ১ সেট | ১২ মাস | |
| ১৯ | সোল্ডার লেটার | ১ জোড়া | ১২ মাস | |
| ২০ | প্রাতিষ্ঠানিক সাইন | ১ জোড়া | ১২ মাস | |
| ২১ | জেল সাইন | ১ জোড়া | ১২ মাস | |
| ২২ | নেইম ট্যাগ | ১টি | ১২ মাস | |
| ২৩ | নম্বর প্লেট | ১টি | চাকুরী জীবনে এক বার | |
| ২৪ | সাদা পাজামা (লং ক্লথের তৈরি) | ২টি | ১২ মাস | |
| ২৫ | মশারী | ১টি | ৩৬ মাস | |
| ২৬ | শাড়ী | ১ জোড়া | ১২ মাস | |

। নীতিমালা সংশোধনঃ সরকার, প্রয়োজনবোধে, সময়ে সময়ে এ নীতিমালায় কোন সংশোধন, সংযোজন, পরিবর্তন, পরিবর্ধন কিংবা কই বিষয়ে নতুন নীতিমালা প্রণয়নপূর্বক তা কার্যকর করিতে পারিবে।

। কারা কর্মকর্তাগণ নিজ খরচে পোশাক সংগ্রহের ভিত্তিতে এবং গার্ডিং ফোর্সের সদস্যগণ প্রাধিকার অনুযায়ী পোশাক পরিচ্ছদ রিধান করিবেন সেই শর্তে এই নীতিমালা জারি করা হইল।

সিনিয়র সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৬.১০.১৬

স্মারক পত্র সংখ্যা-৪৪.০০.০০০০.০২৩ তারিখঃ ১৪২৩ বঙ্গাব্দ / ২০১৬ খ্রিঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

২। সিনিয়র সচিব/সচিব ....................................................................................................(সংশ্লিষ্ট সকল)

৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

৪। সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।

৫। অতিঃ সচিব (প্রশাসন), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৬। অতিঃ সচিব (আইন ও পরিকল্পনা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৭। অতিঃ সচিব (কারা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

৮। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।

৯। স্বরাষ্ট্র মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

১০। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

১১। কারা উপ মহাপরিদর্শক, ........................................................( সকল )


১২। সিনিয়র জেল সুপার, .................................................... (সকল কেন্দ্রীয় কারাগার)

১৩। জেল সুপার, ...................................................................... (সকল জেলা কারাগার)

শিরীন রুবী
উপসচিব
ফোন- ৯৫৫০০১৭


চিত্রঃ পরিশিষ্ট (ক)

দ্রষ্টব্য ঃ ৫ (১)(ক)



চিত্রঃ পরিশিষ্ট (খ)


দ্রষ্টব্য ঃ ৫ (১)(খ)



চিত্রঃ পরিশিষ্ট (গ)

দ্রষ্টব্য ঃ ৫ (১)(গ) i.


কারারক্ষী ওয়ার্কিং ড্রেস ট্রাউজার




চিত্রঃ পরিশিষ্ট (ঘ)


দ্রষ্টব্য ঃ ৫(১)(গ) ii.

কারা কর্মকর্তা ওয়ার্কিং ড্রেস ট্রাউজার




চিত্রঃ পরিশিষ্ট (ঙ) পিক ক্যাপ

দ্রষ্টব্য ঃ ৫(২)(ক).





চিত্রঃ পরিশিষ্ট (চ) কারা মহা পরিদর্শক এবং অতিঃ কারা মহা পরিদর্শক ক্যাপ

দ্রষ্টব্য ঃ ৫(২)(ক) i.




চিত্রঃ পরিশিষ্ট (ছ) কারা উপ মহা পরিদর্শক ক্যাপ

দ্রষ্টব্য ঃ ৫(২)(ক) ii.



চিত্রঃ পরিশিষ্ট (জ) সিনিয়র জেল সুপার হতে ডেপুটি জেলারের ক্যাপ

দ্রষ্টব্য ঃ ৫(২)(ক) iii.



চিত্রঃ পরিশিষ্ট (ঝ) ক্যাপ ব্যারেট

দ্রষ্টব্য ঃ ৫(২)(খ)



চিত্রঃ পরিশিষ্ট (ঞ) ক্যাপ ব্যাজ

দ্রষ্টব্য ঃ ৫(২)(ক) i, ii, iii.



(১)




(২)



(৩)

চিত্রঃ পরিশিষ্ট (ট) জর্জেট প্যাচ (Gorget patch)

দ্রষ্টব্য ৫(৩)



কারা উপ মহাপরিদর্শক জর্জেট প্যাচ



অতিঃ কারা মহাপরিদর্শক জর্জেট প্যাচ



কারা মহাপরিদর্শক জর্জেট প্যাচ

চিত্রঃ পরিশিষ্ট (ঠ) ডিএমএস বুট

দ্রষ্টব্যঃ ৫(৫) (ক)



চিত্রঃ পরিশিষ্ট (ড) স্যু

দ্রষ্টব্যঃ ৫(৫) (খ)



চিত্রঃ পরিশিষ্ট (ঢ) লেডিস স্যু


প্রবিধানঃ ৫(২) (গ)



চিত্রঃ পরিশিষ্ট (ন) নেইম ট্যাগ ও নেইম প্লেট

প্রবিধানঃ ৫(২) (ক)

৫(৭) (খ)




চিত্রঃ পরিশিষ্ট (প) স্টিক

প্রবিধানঃ ৫(১০) (ক), (খ), (গ),



প/১

কারা মহাপরিদর্শক এবং অতিঃ কারা মহাপরিদর্শক স্টিক



প/২

কারা উপ মহাপরিদর্শক স্টিক




প/৩

সিনিয়র জেল সুপার হইতে জেলার স্টিক


চিত্রঃ পরিশিষ্ট (ফ) জার্সি পুলওভার

ক্রমিকঃ ৫(১৩) (ক)



চিত্রঃ পরিশিষ্ট (ব) শর্ট জ্যাকেট

ক্রমিকঃ ৫(১৩) (খ) **(i)**




চিত্রঃ পরিশিষ্ট (ভ) লং জ্যাকেট

ক্রমিকঃ ৫(১৩) (খ) **(ii)**



পরিশিষ্ট (ম) আনুষ্ঠানিক পোশাক

৫(১৪) (খ)ঃ টিউনিক




পরিশিষ্ট (ম)

৫(১৪) (গ)





চিত্র ঃ পরিশিষ্ট (র)

দ্রষ্টব্যঃ ৫(১৫) (ক), (খ), (গ), (ঘ), (ঙ), (চ), (ছ), (জ), (ঝ), (ঞ), (ট), (ঠ)



চিত্র ঃ পরিশিষ্ট (ল)

দ্রষ্টব্যঃ ৫(২৪) (ক), (খ), (গ), (ঘ), (ঙ), (চ), (ছ), (জ), (ঝ)

বাংলাদেশ জেল

(১)




(২)




(৩)




(৪)




(৫)




(৬)




(৭)




(৮)




(৯)




চিত্র ঃ পরিশিষ্ট- শ

দ্রষ্টব্যঃ ৫ (২৫)

